## নিউ ইয়র্ক স্টেট

# কীভাবে আপনার LRAP সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করবেন

## LRAP সিদ্ধান্ত কী?

LRAP সিদ্ধান্ত হল ল্যান্ডলর্ড/মালিকের দ্বারা দাখিল করা LRAP সহায়তার জন্য আবেদনের ব্যাপারে আমাদের সিদ্ধান্ত। আপনি যদি সিদ্ধান্তের কোন অংশ নিয়ে অসম্মত হন, তাহলে আপনি আপিল জমা দিতে পারবেন। আমরা যদি কোনো ভুল করে থাকি তাহলে আমরা সেটি সংশোধন করবো।

**দ্রষ্টব্যঃ** LRAP সিদ্ধান্ত হল LRAP আপিলের ব্যাপারে অনুমোদন বা প্রত্যাখ্যান।

## কে আপিল করতে পারবে?

কেবলমাত্র ল্যান্ডলর্ড/মালিক আপিল করতে পারেন।

## যদি আমি মনে করি যে সিদ্ধান্তটি আংশিক ভুল? আমি কি তখনও আপিল করতে পারবো?

হ্যাঁ। আপনি যদি আপনার নির্ধারণের সম্পূর্ণ বা অংশের সাথে অসম্মত হন, তাহলে আপনি আপিল করতে পারেন।

## আমি কিভাবে আপিল চাইতে পারি?

আপনি ফোনে বা অনলাইনে আপিল চাইতে পারেন।

**ফোনেঃ**

ফোনে আপিল চাইতে অনুগ্রহ করে 844-NY1RENT (844-691-7368) নম্বরে কল করুন। শ্রবণ অক্ষমতা সম্পন্ন ব্যক্তিরা 1-833-843-8829 নম্বরে TTY লাইনে কল করতে পারেন।

**অনলাইনে:**

অনলাইনে আপিল করার জন্য অনুগ্রহ করে দেখুন রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম আপিল ফর্ম। আবেদনের ফর্ম কীভাবে পূরণ করবেন সে ব্যাপারে নির্দেশাবলীর জন্য LRAP আপিল ফর্মের নির্দেশাবলী পড়ুন।

## আপিল দাখিল করার জন্য আমার শেষ সময় কবে?

আপিল করার জন্য আপনার LRAP সিদ্ধান্তের তারিখ থেকে আপনার কাথে তিরিশ (30) দিন সময় আছে।

## আমি যদি 30 দিনের আপিলের সময়সীমা ধরতে না পারি, তাহলে কী হবে?

আপনি যদি মনে করেন যে আপনি আপিলের সময়সীমা ধরতে পারেননি, তাহলে আপনার উচিৎ আপিলের আবেদন করা এবং আপনি কেন আপিলের সময়সীমা ধরতে পারেননি তার কারণ ব্যাখ্যা করা।

## আমি কেন মনে করি যে সিদ্ধান্তটি ভুল এবং আমি কেন আপিল করছি তা আমি কখন ব্যাখ্যা করবো?

আপনি যদি ফোনে আপিল দাখিল করেন, তাহলে আপনি এজেন্টকে কেন আপনার আপিল করতে হবে তা বলতে পারেন। এছাড়া আপনার আবেদনকে সমর্থন করার জন্য আপনি ডকুমেন্ট আপলোড করতে পারবেন এবং আপনার ডকুমেন্টের সাথে একটি লিখিত ব্যাখ্যা অন্তর্ভুক্ত করতে পারেন। আপনি যদি অনলাইনে আপিল জমা দেন, তাহলে আপনি আপিল ফর্মে কেন আপনি আপিল করছেন তা ব্যাখ্যা করতে পারবেন। এছাড়া আপনি যদি ডকুমেন্ট আপলোড করেন, তাহলে লিখিত ব্যাখ্যা অন্তর্ভুক্ত করার একটি বিকল্প পাবেন।

## আমি কি আপিল করার নিশ্চিতকরণ পাবো?

হ্যাঁ। আপনি যদি ফোনে আপিল জমা দেন, তাহলে ফোনেরএজেন্ট আপনাকে একটি সেবা অনুরোধ নম্বর প্রদান করবেন। আপনি যদি অনলাইনে আপিল করেন, তাহলে আপনি একটি পপ-আপ মেসেজ পাবেন, যাতে বলা হয়: "ধন্যবাদ! আপনার রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের আপিলের জন্য অনুরোধের ফর্ম জমা হয়েছে। অনুগ্রহ করে আপনার রেকর্ডের জন্য এই পেজের একটি স্ক্রিনশট নিন অথবা এটি প্রিন্ট করে রাখুন।"

# আপনি আপিল করার পরঃ নিশ্চিতকরণ নোটিশ এবং যেকোনো বাড়তি ডকুমেন্ট জমা দেওয়ার জন্য 10 দিন।

## আমি আপিল আবেদন করার পর কী হবে?

আপনি আপিল জমা করার পর আমাদের তরফ থেকে একটি লিখিত কনফার্মেশন নোটিশ পাবেন যেটি আমাদের কাছ থেকে কীভাবে যোগাযোগের তথ্য পাবেন, সে ব্যাপারে আপনার পছন্দ অনুযায়ী আপনাকে পাঠানো হবে। এই নোটিশটি নিশ্চিত করে যে আমরা আপনার আপিল পেয়েছি এবং ব্যাখ্যা করে যে আপনার কাছে নিশ্চিতকরণ নোটিশ পৌঁছানোর দশ (10) দিন পর্যন্ত সময় আছে যেকোনো বাড়তি ডকুমেন্ট বা তথ্য জমা দেওয়ার জন্য যা ব্যাখ্যা করে আপনি কেন মনে করেন যে আমাদের সিদ্ধান্ত ভুল ছিল।

## আমার আপিল সমর্থনে আমি কিভাবে ডকুমেন্ট জমা দিতে পারি?

আপনার ডকুমেন্ট আপলোড করার জন্য এই নির্দেশাবলী অনুসরণ করার মাধ্যমে আপনি আপনার ডকুমেন্ট অনলাইনে জমা করতে পারেন:

1. এই লিঙ্কে ক্লিক করুন: https://nysrenthelp.otda.ny.gov/en/।
2. তারপর আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন।
3. লগ ইন করার পর ল্যান্ডলর্ড/মালিক সেকশনে যান এবং পেজের ডানদিকে ল্যান্ডলর্ড/মালিক মেনুর নিচে "ডকুমেন্ট আপলোড করুন"-এ ক্লিক করুন।
4. এরপর আপনার মালিকানার নম্বর/আইনী সত্তা বেছে নিন। আগে থেকে আপনার বেছে নেওয়া মালিকানার নম্বর/আইনী সত্তায় অ্যাটাচ করা আবেদনের লিস্ট থেকে ERAP আবেদনের নম্বর বেছে নিন।
5. তারপর তৃতীয় ড্রপডাউন মেনু থেকে যথাযথ ডকুমেন্টের প্রকার বেছে নিন। তারপর ডকুমেন্টের প্রকার ড্রপডাউন মেনুর নিচে "ফাইল বেছে নিন" বোতাম বেছে নেওয়ার মাধ্যমে যথাযথ ডকুমেন্ট আপলোড করুন। পপ আপ উইন্ডো থেকে যথাযথ ডকুমেন্ট বেছে নিন এবং "খুলুন"-এ ক্লিক করুন। "ফাইল বেছে নিন" বোতামের নিচে ফাইলের শিরোনাম দেখা যাবে।

6. সব শেষে “আমি রোবোট নই” এর পাশে একটি বক্সে ক্লিক করার মাধ্যমে ক্যাপচা ভেরিফিকেশন সম্পূর্ণ করুন এবং ডকুমেন্ট আপলোড চূড়ান্ত করতে “ডকুমেন্ট আপলোড করুন” বেগুনি বোতামে ক্লিক করুন।

অনুগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্র প্রতিবারে একটি করে জমা দিন।

## আমার আপিল সমর্থনে ডকুমেন্ট আপলোড করতে আমি সমস্যার সম্মুখীন হচ্ছি। আমি কিভাবে সাহায্য পেতে পারি?

আপনি নিম্নলিখিত যেকোনো উপায়ে আমাদের সাথে যোগাযোগ করতে পারেনঃ

- আমাদের সাথে ফোনে যোগাযোগ করুন: 844-NY1RENT (844-691-7368)
- যাদের কানে শুনতে সমস্যা হয়, তাদের জন্য TTY ফোন নম্বর: 1-833-843-8829
- কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBO) এর সাথে যোগাযোগ করুন– ল্যান্ডলর্ডদেরকে সাহায্য করার জন্য উপলভ্য কমিউনিটি-ভিত্তিক সংগঠনের লিস্ট দেখুন।

## আমার আপিল সমর্থনে আমাকে কি ডকুমেন্ট জমা দিতে হবে?

না। আপনাকে আপনার আপিল সমর্থন করতে নতুন কোন ডকুমেন্ট জমা দিতে হবে না। আপনি কেন মনে করেন যে আমাদের সিদ্ধান্ত ভুল ছিল তা জানিয়ে আপনি যদি আপনার নিশ্চিতকরণ বিজ্ঞপ্তি পাবার দশ (10) দিনের মধ্যে বাড়তি ডকুমেন্ট আপলোড না করেন, তাহলে আমরা আমাদের কাছে ইতোমধ্যে যেসব ডকুমেন্ট আছে তার ভিত্তিতে আপনার আবেদন পর্যালোচনা করবো। একটি পর্যালোচনা দল আপনার আবেদনটি এবং আবেদনের সাথে আপনার জমা দেওয়া ডকুমেন্টগুলি আবার দেখবে।

## আমরা কিভাবে আপনার আপিলের সিদ্ধান্ত নেব?

আপনার আপিল একজন স্বতন্ত্র আপিল বিশেষজ্ঞের কাছে পাঠানো হবে যিনি আপনার প্রারম্ভিক আবেদন, আপনার আবেদনের স্বপক্ষে জমা দেওয়া ডকুমেন্ট, আপনি নির্ধারণের সাথে কেন অসম্মত তা জানিয়ে জমা দেওয়া যেকোনো তথ্য, এবং আপনার আপিলের সমর্থনে আপলোড করা যেকোনো বাড়তি ডকুমেন্টেশন পর্যালোচনা করবেন। আপিল বিশেষজ্ঞ আপনার আপিল মঞ্জুর করা হবে কি না সে সংক্রান্ত একটি সুপারিশ করবেন। তারপর একজন দ্বিতীয় পর্যালোচনাকারী এসব কিছু দেখবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। আপনার আপিলের ব্যাপারে আমরা একটি চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার পর আপনি একটি নোটিশ পাবেন, যেখানে উল্লেখ করা থাকবে যে প্রকৃত সিদ্ধান্ত সঠিক ছিল কী না, অথবা ভুল ছিল কী না এবং তদনুযায়ী সংশোধন করা হবে, আমাদের কাছ থেকে কীভাবে যোগাযোগের তথ্য পাবেন, আপনার সেই পছন্দ অনুযায়ী ইমেইল বা সাধারণ ডাক মাধ্যমে পাঠানো হয়।

## আমার যদি আপিল প্রক্রিয়া সম্পর্কে প্রশ্ন থাকে তাহলে?

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, আমাদের কাস্টমার কেয়ার টিমকে সোমবার-শনিবার সকাল ৪টা থেকে সন্ধ্যা 7টা EST পর্যন্ত পাওয়া যাবে। আপনি নিম্নলিখিত যেকোনো উপায়ে আমাদের সাথে যোগাযোগ করতে পারেনঃ

- আমাদের সাথে ফোনে যোগাযোগ করুন: 844-NY1RENT (844-691-7368)
- যাদের কানে শুনতে সমস্যা হয়, তাদের জন্য TTY ফোন নম্বর: 1-833-843-8829
- ওয়েবচ্যাটের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন: একজন প্রতিনিধির সাথে চ্যাট করুন।